

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫২১

২৭/ আদব

পরিচেছদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

وَعَن أَنَسٍ قَالَ: مَرَّ النَّبِيُّ عَلِيْ بِامرَأَةٍ تَبكِي عِنْدَ قَبْرٍ فَقَالَ اتَّقِي الله واصْبرِي فَقَالَتْ: إِلَيْكَ عَنِي ؛ فإنَّكَ لَمْ تُصَبَ بِمُصِيبَتي وَلَمْ تَعرِفْهُ فَقيلَ لَهَا: إِنَّه النَّبيُّ عَلِيْ فَأَتَتْ بَابَ النَّبيِّ عَلِيْ فَلَمْ تَجِدْ عِنْدَهُ بَوَّابِينَ فقالت : لَمْ أَعْرِفْكَ فَقَالَ إِنَّمَا الصَّبْرُ عِنْدَ الصَّدْمَةِ النَّبيِّ عَلَيْ فَلَمْ تَجِدْ عِنْدَهُ بَوَّابِينَ فقالت : لَمْ أَعْرِفْكَ فَقَالَ إِنَّمَا الصَّبْرُ عِنْدَ الصَّدْمَةِ الأُولَى مُتَّفَقٌ عَلَيهِ وفي رواية لمسلم تَبكِي عَلَى صَبيٍّ لَهَا

বাংলা

(৩৫২১) আনাস (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি মহিলার পাশ দিয়ে অতিক্রম করলেন। সে একটি কবরের পাশে বসে কাঁদছিল। তিনি বললেন, তুমি আল্লাহকে ভয় কর এবং ধৈর্য ধারণ কর। সে বলল, 'আপনি আমার নিকট হতে দূরে সরে যান। কারণ, আমি যে বিপদে পড়েছি আপনি তাতে পড়েননি।' সে তাঁকে চিনতে পারেনি (তাই সে চরম শোকে তাঁকে অসঙ্গত কথা বলে ফেলল)। অতঃপর তাকে বলা হল যে, 'তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন।' সুতরাং (এ কথা শুনে) সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দুয়ারের কাছে এল। সেখানে সে দারোয়ানদেরকে পেল না। অতঃপর সে (সরাসরি প্রবেশ করে) বলল, 'আমি আপনাকে চিনতে পারিনি।' তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), আঘাতের শুরুতে সবর করাটাই হল প্রকৃত সবর।

মুসলিমের একটি বর্ণনায় আছে, সে (মহিলাটি) তার মৃত শিশুর জন্য কাঁদছিল।

ফটনোট

(বুখারী ১২৮৩, মুসলিম ২১৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন